গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জুয়েনা আজিজ
সচিব
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

উপ আনুষ্ঠানিক পত্র নং-৫৬.০০.০০০০.০২২.১৪.১৭৭.১৮-৫৭৭ তারিখ: ২১/১০/২০১৮খ্রি.।

প্রিয় সহকর্মী,

আপনি নিশ্চয়ই অবগত আছেন যে, সারাদেশে আইসিটি শিক্ষা সম্প্রসারণ এবং দক্ষ প্রযুক্তি নির্ভর জনশক্তি গড়ার লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের উদ্যোগে এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের তত্ত্বাবধানে "সারাদেশে শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ও ভাষা প্রশিক্ষণ ল্যাব স্থাপন (৩য় সংশোধিত)" শীর্ষক প্রকল্পটি বাস্তবায়নাধীন রয়েছে।

প্রকল্পটির আওতায় ২০১৫ হতে ২০১৮ সাল পর্যন্ত ৪০০১টি শিক্ষা প্রতিষ্ঠানে (মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক, মাদ্রাসা বা সমমানের শিক্ষা প্রতিষ্ঠান) "শেখ রাসেল ডিজিটাল ল্যাব" এবং ১৬০টি প্রাথমিক বিদ্যালয়ে "শেখ রাসেল ডিজিটাল ক্লাসরুম" স্থাপিত হয়েছে। এছাড়াও সৌদি আরবে অবস্থিত বাংলাদেশ কমিউনিটির ৯টি স্কুলে ১৫ টি "শেখ রাসেল ডিজিটাল ল্যাব" স্থাপন করা হয়েছে।

প্রবাসী বাংলাদেশী শিক্ষার্থী ও কর্মীগণ ভাষা সংক্রান্ত যে সকল সমস্যার সম্মুখীন হচ্ছে তা নিরসনকল্পে বিশ্বের প্রধান প্রধান ৯টি ভাষা শেখার সুবিধার্থে প্রতিটি জেলা সদরে ১টি সহ মোট ৬৫টি ডিজিটাল ল্যাবে ভাষা প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়েছে। জেলা প্রশাসকগণের মাধ্যমে নির্বাচিত ১০২৪ জন শিক্ষককে ৯টি ভাষায় যথা: ইংরেজি, (আমেরিকান/ব্রিটিশ)/অস্ট্রেলিয়ান), চাইনিজ, কোরিয়ান, জাপানিজ, ফরাসি, স্প্যানিশ, জার্মান, আরবি ও রুশ ভাষার উপর মাস্টার প্রশিক্ষক হিসেবে গড়ে তোলার লক্ষ্যে সিএসই বিভাগ, বুয়েট কর্তৃক "ভাষাগুরু" সফটওয়্যারের মাধ্যমে প্রশিক্ষণ কার্যক্রম শুরু হয়েছে যা জুন ২০১৯ তে সমাপ্ত হবে।

শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত "শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত কম্পিউটার ল্যাব পরিচালনার নীতিমালা-২০১২" অনুযায়ী ল্যাবসমূহ পরিচালিত হচ্ছে। এছাড়াও ল্যাবসমূহ সুষ্ঠু পরিচালনার স্বার্থে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানগণের সাথে প্রকল্পের একটি চুক্তি রয়েছে।

লক্ষ্য করা যাচ্ছে যে, কিছু কিছু প্রতিষ্ঠানের ল্যাব নিয়মানুযায়ী পরিচালিত হচ্ছে না। ফলে কর্মসংস্থান সৃষ্টি ও উন্নয়নের লক্ষ্যে ২০২১ সালের মধ্যে ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে সরকারের লক্ষ্য অর্জন ব্যাহত হচ্ছে। সংশ্লিষ্ট সকলের সমন্বিত প্রচেষ্টায় কাঙ্ক্ষিত লক্ষ্য অর্জন করা সহজতর হবে।

এমতাবস্থায়, সারাদেশে স্থাপিত 'শেখ রাসেল ডিজিটাল ল্যাব' সমূহ সুষ্ঠু পরিচালনার স্বার্থে আপনার ব্যক্তিগত হস্তক্ষেপ কামনা করছি।

শুভেচ্ছান্তে,

আন্তরিকভাবে আপনার

(জুয়েনা আজিজ)
সচিব
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

সচিব
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

ফোন: +৮৮ ০২ ৮১৮১৫৪৭ ফ্যাক্স: +৮৮ ০২ ৮১৮১৫৬৫ ই-মেইল: secretary@ictd.gov.bd

